হার্ম্মোনিয়মে গান অভ্যাস।

স্বরলিপি দৃষ্টে, হার্ম্মোনিয়ম বাজাইয়া গান অভ্যাস করা এই গ্রন্থের মুখ্য উদ্দেশ্য। প্রথম শিক্ষার্থীকে হার্ম্মোনিয়ম শেখান ইহার উদ্দেশ্য নহে। যাঁহারা স্বরলিপি দৃষ্টে গান অভ্যাস করিবেন, হার্ম্মোনিয়মের সুর ও পর্দার সহিত কতকটা তাঁহাদের পরিচয় আছে, এইরূপ বুঝিতে হইবে। তাঁহারা অবশ্যই জানেন, হার্ম্মোনিয়মের কতকগুলি সাদা পর্দা ও কতকগুলি কালো পর্দা; সাদা পর্দার সুরগুলিকে "শুদ্ধ" সুর এবং কালো পর্দার সুরগুলিকে "বিকৃত"—অর্থাৎ, কড়ি-কোমল সুর বলে। কালো পর্দাগুলি, এক স্থানে দুইটি ও এক স্থানে তিনটি, এইরূপ পুঞ্জে পুঞ্জে বরাবর সাজান থাকে। যেখানে দুইটি করিয়া কাল পর্দা, তাহারই অব্যবহিত পূর্ব্ববর্ত্তী সাদা পর্দাটিকে স-সুর বলে। ইহাও তাঁহাদিগকে বলা বাহুল্য যে, হারমোনিয়ম বাজাইবার সময়, হাপরে চাপ দিয়া কোন একটী পর্দা টিপিয়া ধরিলেই সুর বাহির হইতে থাকে। এই কার্য্যকে 'চাপ' ও 'টিপ' বলে। এইটুকু জানা থাকিলে ভবিষ্যতে বুঝাইবার পক্ষে সুবিধা হইবে।

আকারমাত্রিক স্বরলিপি-পদ্ধতি।

সুর-প্রকরণ।

১। স, র, গ, ম, প, ধ, ন,—এই সাতটি সুর লইয়াই এক একটি সপ্তক। আমাদের সঙ্গীতে, মন্দ্র, মধ্য, তার,—কি না, খাদ, মাঝারি ও উচ্চ—এই তিন সপ্তকের অধিক বড় ব্যবহার হয় না।

খাদ সপ্তকের চিহ্ন, সুরের নীচে হসন্ত। উচ্চ সপ্তকের চিহ্ন, সুরের মাথায় রেফ। মাঝারি সপ্তকের কোন চিহ্ন নাই। যথা—

স্ র্ গ ম্ প ধ ন। স র গ ম প ধ ন। র্স র্র র্গ র্ম র্প র্ধ র্ন।

তিন সপ্তকের অধিক যদি কখন আবশ্যক হয়, তখন হসন্ত বা রেফের সংখ্যা বাড়াইলেই চলিবে।

২। কোমল ও কড়ি এই বিকৃত সুরগুলির জন্য স্বতন্ত্র অক্ষর নির্দ্দিষ্ট হইলে অনেকটা সুবিধা হয়। সুরের শিরোদেশে উপর্য্যুপরি চিহ্নের ভার চাপাইলে, বড়ই অপরিষ্কার ও অশোভন দেখিতে হয়। এই কারণে, বিকৃত সুরগুলির জন্য নিম্নলিখিত অক্ষর নির্দ্দিষ্ট হইল।

* কোমল র = ঋ
কোমল গ = জ্ঞ
কড়ি ম = হ্ম
কোমল ধ = দ
কোমল ন = ণ

উল্লিখিত শুদ্ধ ও বিকৃত স্বরাক্ষরগুলির মধ্যে উচ্চারণের নৈকট্য ও সাদৃশ্য থাকায়, স্মরণ রাখায় কোন কষ্ট নাই।

হারমোনিয়ম-যন্ত্রে শুদ্ধ ও বিকৃত সুরগুলি যে ভাবে সাজান থাকে তাহার একটু আভাস নিম্নে দেওয়া যাইতেছে। যথাঃ—

ঋ জ্ঞ হ্ম দ ণ
স র গ ম প ধ ন র্স।

---

* 'সাধনা' পত্রিকায়, কোমল 'র'-র চিহ্ন 'ঌ', কোমল 'গ'-র চিহ্ন 'জ্ঞ' ও কোমল 'ন'-র চিহ্ন 'ঞ' এইরূপ নির্দ্দিষ্ট [illegible] পরিবর্ত্তন করা গেল।

তাল প্রকরণ।

তালি-বিভাগ।

৩। কথার ছন্দ হইতে তালের উদ্ভব। "দিনকর" এই কথা লইয়া যদি একটা ছন্দ রচনা করা যায়, তাহা হইলে "দিনকর, দিনকর, দিনকর, দিনকর" এইরূপ চারিবার আবৃত্তি করিতে হয়। ইহার কমে ছন্দ হয় না। এই ছন্দে, 'দি' এই অক্ষরটির উপর বেশি ঝোঁক্ পড়িতেছে। এই ঝোঁক্-অনুসারে যদি কোন ছন্দের কথাগুলিকে বিভাগ করা যায়, তাহা হইলে এইরূপ দাঁড়ায় যথা :—

॥ দিনকর। শশধর। আলো করে। চরাচর ॥

এই ছন্দটির কথায় যদি সুর বসান যায়, তাহা হইলে উহা গানের ছন্দে পরিণত হয় ; আবার যদি, প্রতি ঝোঁকের জায়গায় তালি দিয়া কথাগুলি সুর-সহকারে আবৃত্তি করা যায়, তাহা হইলে উহাই গান হইয়া দাঁড়ায়। যথা—

১ সা মা গা মা দি ন ক র	২´ পা ধা না র্সা শ শ ধ র	৩ র্সা র্রা ণা ধা আ লো ক রে	০ মা পা গা মা চ রা চ র

এক ছেদ হইতে আর এক ছেদ পর্য্যন্ত যে সুরগুলি, ইহা এক একটি তালি বিভাগের অন্তর্গত। এইরূপ চারিটি তালি-বিভাগে, তালের একটি 'ফের' নিষ্পন্ন হয় ; ইহাই কাওয়ালি ছন্দ। এইরূপ অনেক প্রকার ছন্দ আছে। এক এক ছন্দের এক এক রকম ঝোঁক্। এই ঝোঁক অনুসারে, প্রতি ছন্দের গান, ছেদদ্বারা তালিবিভাগে বিভক্ত হয়। ইহার মধ্যে তিনটি তালি ও একটী ফাঁক ; ইহাই তালের সাধারণ নিয়ম। ফাঁক্, তালিরই সামিল—উহা অব্যক্ত তালি, এইমাত্র।

তাল ও ফাঁক্ সূচনার্থ, প্রত্যেক পদের অন্তর্গত প্রথম সুরটির মাথায়, ১, ২´ ৩, ০, এইরূপ অঙ্কগুলি যথাক্রমে বসান থাকে। এই চারি তালির মধ্যে যে তালিতে অপেক্ষাকৃত অধিক জোর দেওয়া হয়, তাহাকে 'সম' বলে। উল্লিখিত ছন্দের দৃষ্টান্তে, দ্বিতীয় তালিতে 'সম' পড়িয়াছে। যে তালিটি 'সম', সেই তালির অঙ্কের উপর একটী রেফ্ থাকিবে। আমাদের গানে, ঘুরিয়া ফিরিয়া ক্রমাগত এক স্থানে আসিতে হয় বলিয়া, আমাদের তালি দিবার পদ্ধতিতে 'সম' ও 'ফাঁক'এর ব্যবস্থা হইয়াছে। গান গাহিবার সময়, গম্যস্থানের দিকে কতদূর অগ্রসর হওয়া গেল, সেই বিষয়ে সতর্ক করিয়া দেওয়াই ইহার অভিপ্রায়। এইরূপ ব্যবস্থা না থাকিলে, কোনটি প্রথম তাল, কোনটী দ্বিতীয় তাল, কোনটি তৃতীয় তাল, তাহা সহসা লক্ষ্য করা যাইত না।

মাত্রা।

৪। ছেদ-বিভক্ত প্রত্যেক তালি-বিভাগ কতকগুলি নির্দ্দিষ্ট সংখ্যক মাত্রা অধিকার করিয়া থাকে। সমান কাল অন্তরে উচ্চারিত সুরের আদর্শ-কালকে মাত্রা বলে। হার্মোনিয়মে স-সুর টিপিয়া ধরিয়া, উহার হাপরে সমান সমান কাল অন্তরে চাপ্ দিতে থাকিলে, ঐ প্রত্যেক চাপের সময়ের মধ্যে যে সুর বাহির হয়, উহা এক এক মাত্রা স্থায়ী। এবং ঐ স্বরাক্ষরের গায়ে একটী আকার বসাইলেই এক মাত্রা বুঝায়। অতএব,

সা = এক মাত্রা
সা-া = দুই মাত্রা
সা -া -া = তিন মাত্রা
সা -া -া -া = চারি মাত্রা। ইত্যাদি

সূচীপত্র

গান।

নূতন সংস্করণ।

স্বরলিপি-গীতি-মালা

প্রথম ভাগ।

৬৮ খানি রবি বাবুর গানের স্বরলিপি।

শ্রীজ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
সঙ্কলিত ও ব্যাখ্যাত।

কলিকাতা, ৮।২ নং ডালহাউসি স্কোয়ার হইতে,
ডোয়ার্কিন এণ্ড সন্ কর্ত্তৃক প্রকাশিত।

১৩২০ সাল।

Price. Re 1/8. মূল্য ১৷৹ দেড় টাকা।

কলিকাতা, ২৫নং রায়বাগান ষ্ট্রীট, ভারতমিহির যন্ত্রে
শ্রীমহেশ্বর ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

নিম্নোক্ত দৃষ্টান্তে, উহার প্রতি স্বর, এক এক মাত্রা কাল স্থায়ী ; যথা—

সা	রা	গা	মা	সা	রা	গা	মা
দি	ন	ক	র	শ	শ	ধ	র

মাত্রার পূর্ণ আদর্শ-সংখ্যা যে এক-মাত্রা, উহা পূরণ করিবার জন্য যে সকল ভগ্নাংশ কখন কখন ব্যবহার করা হয়, তাহাদিগকে খণ্ড-মাত্রিক বলে।

সমান অন্তরের এক একচাপের মধ্যে যদি দুই দুই টিপ্ দেওয়া যায়, তাহা হইলে ঐ প্রত্যেক টিপের স্বর অর্দ্ধ মাত্রা কাল স্থায়ী হয় ; যথা—

সরা	গমা	সরা	গমা	সরা	গমা	সরা	গমা
দিন	কর	শশ	ধর	দিন	কর	শশ	ধর

এই দৃষ্টান্তে, 'স'-অর্দ্ধমাত্রা, 'র'-অর্দ্ধমাত্রা, উভয়ে মিলিয়া 'সরা'-একমাত্রা ; এইরূপ 'গমা' ও দুই-অর্দ্ধমাত্রা মিলিয়া একমাত্রার সামিলে আসিয়াছে। এইরূপ স্থলে, খণ্ড মাত্রিক স্বরের অক্ষরগুলি যুক্ত করিয়া শেষ স্বরাক্ষরের গায়ে একটি আকার বসান হয়।

আবার ;—এক চাপের মধ্যে যদি চার টিপ দেওয়া যায়, তাহা হইলে ঐ প্রত্যেক টিপের স্বর সিকিমাত্রা হয়। যথা—

সরগমা	সরগমা	সরগমা	সরগমা
দিনকর	শশধর	দিনকর	শশধর

অতএব, সমান ভাগের যতগুলি খণ্ড মাত্রিক হোক্ না কেন উহাদিগকে এইরূপে এক মাত্রার সামিলে আনা যাইতে পারে। এই খণ্ডমাত্রার স্বরাক্ষরগুলি একত্র করিয়া শেষ স্বরাক্ষর টির গায়ে একটি আকার বসাইলেই, সবগুলি মিলিয়া একমাত্রা বুঝায়। চারের অধিক ঐরূপ খণ্ডমাত্রিকগুলি একমাত্রার সামিলে আসিলে, উহাদের প্রত্যেকের নির্দ্দিষ্ট সূক্ষ্ম ভাগ সহজে ধরা যায় না—ধরিবার কোন প্রয়োজনও হয় না। সঙ্গীতকার্য্যে একমাত্রার মধ্যে উহাদিগকে উচ্চারণ করিতে পারিলেই হইল।

৫। খণ্ড-মাত্রাগুলি অসমান ভাগে বিভক্ত হইলে, উহাদের জন্য পৃথক্ চিহ্ন আবশ্যক হয়। যথা—

ঃ—অর্দ্ধমাত্রা

দেড়মাত্রা ও অর্দ্ধমাত্রা, উভয়ে মিলিয়া দুই মাত্রা—ইহা লিখিতে হইলে এইরূপে লেখা যায় যথা, সাঃ রঃ।

কোন প্রধান স্বরের সঙ্গে কোন স্বর ঈষৎ ছুঁইয়া গেলে সেই অনির্দ্দিষ্ট-মাত্রা-বিশিষ্ট আনুসঙ্গিক স্বরটি, আসল স্বরটির বামপার্শ্বে উপরিভাগে ক্ষুদ্র অক্ষরে লিখিত থাকে ; যথা, সগা। এই অনির্দ্দিষ্ট মাত্রার নাম স্পর্শমাত্রা।

লয়।

৬। পূর্ব্বেই বলা হইয়াছে, হার্মোনিয়মের কোন একটি স্বর টিপিয়া ধরিয়া, উহার হাপরে সমান সমান কাল অন্তরে চাপ দিতে থাকিলে, ঐ প্রত্যেক চাপের কাল মধ্যে যে স্বর বাহির হইবে, উহা এক-একমাত্রা স্থায়ী। কিন্তু, সমান কালের অন্তর, অনেক প্রকারের হইতে পারে। প্রতি চাপ, কিনা, প্রতি মাত্রা অর্দ্ধ সেকেণ্ড অন্তর স্থায়ী হইতে পারে, এক সেকেণ্ড অন্তর স্থায়ী হইতে পারে, দুই সেকেণ্ড অন্তরও স্থায়ী হইতে পারে। ইহার তো একটা নিয়ম চাই। গান বিশেষে, গানের রসভেদে, কোনটি বা বিলম্বিত লয়ে, কোনটি বা মধ্য লয়ে, কোনটি বা দ্রুত লয়ে গাহিলে ভাল শোনায়। প্রতি মাত্রার স্থায়িত্বকাল নির্দ্দিষ্ট করিতে পারিলেই গানের এই লয় আপনা হইতেই নির্দ্দিষ্ট হয়। "গীতের আদ্যোপান্তে কাল পরিমাণের নিয়ম এক সমান রাখাকে লয় বলে" (গীতসূত্রসার)। অতি-বিলম্বিত, বিলম্বিত, ঈষৎ বিলম্বিত, মধ্যমান, ঈষৎ-দ্রুত, দ্রুত, অতিদ্রুত এইরূপ নানা প্রকারের লয় হইতে পারে। উল্লিখিত শব্দগুলি আপেক্ষিক শব্দ, উহার দ্বারা মাত্রার সঠিক স্থায়িত্ব জানা যায় না। একজন যাহা বিলম্বিত মনে করেন, আর একজন হয়তো তাহাই মধ্য লয় বিবেচনা করিতে পারেন। অতএব, যতদূর সম্ভব স্বরলিপির জন্য ইহার একটা সঠিক নিয়ম নির্দ্ধারণ করা কর্ত্তব্য।

য়ুরোপীয় সাংকেতিক স্বরলিপিতে "ক্রচেট," "কোয়েভর" প্রভৃতি চিহ্নের দ্বারা মাত্রার ওজন কতকটা জানা যায় এবং মাত্রামান যন্ত্রের সাহায্যে মাত্রার পরিমাণ যথাযথরূপে নির্দ্ধারিত হইতে পারে। কিন্তু মাত্রামান যন্ত্রের দ্বারা মাত্রার পরিমাণ সকল সময়ে নির্ণয় করিবার সুবিধা হয় না। তা ছাড়া, যন্ত্রটি সংগ্রহ করাও সকলের সাধ্যায়ত্ত না হইতে পারে। এই জন্য ইহার একটি সহজ নিয়ম নিম্নে দেওয়া যাইতেছে। এই নিয়মে লয়ের আপেক্ষিক পরিমাণ স্থির হইতে পারে। একটু এদিক্ ওদিক্ হইলে বিশেষ কিছু ক্ষতি হয় না।

এক, দুই, তিন, ইত্যাদি সংখ্যাগুলি পরপর খুব তাড়াতাড়ি এক নিঃশ্বাসের মধ্যে স্পষ্টরূপে উচ্চারণ করিলে, এক সেকেণ্ডের মধ্যে ৬ সংখ্যা পর্য্যন্ত অধিকাংশ লোকে উচ্চারণ করিতে পারে। তাহার অধিক পারে না; ইহা পরীক্ষা করিয়া জানা গিয়াছে। এই গতিতে ৬ সংখ্যা অন্তর করতালি দিলে গানের পক্ষে বিলম্ব গতি হইতেছে বলিয়া উপলব্ধি হয়। ৪ সংখ্যা অন্তর করতালি দিলে মধ্যগতি অর্থাৎ সহজ লয় হইতেছে বলিয়া উপলব্ধি হয়। এইরূপ গণনা অনুসারে লয়ের যে আদর্শ-ক্রম স্থির হইয়াছে, তাহার তালিকা নিম্নে দেওয়া যাইতেছে।

গতিক্রম	দ্রুত উচ্চারণের সংখ্যা	মাত্রামাণি যন্ত্রের অঙ্ক	লয়াঙ্ক সঙ্কেত।
অতি বিলম্বিত ...	৮ —	৫০ —	।৮
বিলম্বিত	৬ (এক সেকেণ্ড) ...	৬০	।৬
ঈষৎ বিলম্বিত ...	৫	৮০	।৫
মধ্য লয় বা ঢিমা ...	৪	১০০	।৪
ঈষৎ দ্রুত	৩	১৩২	।৩
দ্রুত	২	১৬০	।২
অতিদ্রুত	১	২০০	।১

স্বরলিপিতে গানের শিরোদেশে এইরূপ লয়াঙ্ক সঙ্কেত থাকিলে, মনে মনে সংখ্যা আবৃত্তি করিয়া লইয়া মাত্রার ওজন ঠিক্ করিয়া পরে গান কিম্বা বাজনা আরম্ভ করিবে।

* তালের সাঙ্কেতিক চিহ্ন।

৭। পদ-মধ্যগত মাত্রার সংখ্যা-ভেদে তালের ছন্দ-ভেদ হয়; এবং তাল বিশেষের মাত্রাসমষ্টি সমান হইলেও, গানের কথার লঘু-গুরু-ভেদ ও ঝোঁক-ভেদে তাল-বিশেষের প্রকার-ভেদ হইয়া থাকে।

এই সকল তালের মধ্যে, কতকগুলি চতুর্মাত্রিক যথা—কাওয়ালি, ঠুংরি, আড়াঠেকা ইত্যাদি।

কতকগুলি ত্রিমাত্রিক যথা—একতালা, খেমটা, আড়-খেমটা ইত্যাদি।

আর, কতকগুলি বিষমপদী যথা—ঝাঁপতাল, যৎ, পোস্তা ইত্যাদি।

কাওয়ালির ছন্দ ও লয়ভেদে, ঠুংরি, আড়াঠেকা প্রভৃতি উৎপন্ন এবং একতালার ছন্দ ও লয়ভেদে, খেমটা প্রভৃতি তাল উৎপন্ন হইয়াছে।

এই সকল তালের সাঙ্কেতিক চিহ্ন থাকিলে অনেক সময় সুবিধা হয়। নাট্যগীতিতে ঘন ঘন তাল ও লয়ের পরিবর্তন হইয়া থাকে; "প্রবন্ধ" নামে আমাদের যে একটি সঙ্গীতের অঙ্গ আছে, তাহাতেও তাল ও লয়ের পরিবর্তন হয়; এই সকল গানের স্বরলিপির মধ্যে তাল পরিবর্তন সংক্ষেপে সূচিত করিবার জন্য সাঙ্কেতিক চিহ্নের প্রয়োজন। তাছাড়া, প্রত্যেক গানে লয়ের গতিক্রম প্রদর্শন করিবার জন্য লয়াঙ্কটি দেওয়া আবশ্যক।

---

* যাঁহারা তালের বিস্তৃত বিবরণ জানিতে ইচ্ছা করেন, তাঁহারা, শ্রীযুক্ত-কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায় কৃত "গীত সূত্র- সার" পড়িবেন। এমন উৎকৃষ্ট সঙ্গীত গ্রন্থ বাঙ্গলা ভাষায় আর নাই।

অতএব স্বরলিপির প্রত্যেক গানের আরম্ভে তালের সাঙ্কেতিক চিহ্ন এই প্রকারে ব্যবহার করা যাইবে ; যথা—

প্রথমতঃ, কোন গানের মধ্যে প্রতি তালি-ভাগের অন্তর্গত যতটি করিয়া মাত্রা থাকে তাহার অঙ্ক—অর্থাৎ, এক কথায় যাহাকে মাত্রাঙ্ক বলে, তাহা দেখাইবার জন্য একটা বড় আকারের বাম পার্শ্বে, উপরি ভাগে মাত্রা সংখ্যার অঙ্কটি ছোট অক্ষরে দেওয়া যাইবে। যথা, যদি কোন তালিবিভাগের মাত্রা সংখ্যা চার হয়, তবে এইরূপ ৪। চিহ্নের দ্বারা তাহা ব্যক্ত করা যাইবে।

তাহার পর, পূর্ব্ব প্রদর্শিত (৬) লয় নির্দ্ধারণের নিয়মানুসারে প্রতি মাত্রার স্থায়িত্ব নির্ণয় করিয়া তাহার অঙ্ক—অর্থাৎ এক কথায় যাহাকে লয়াঙ্ক বলে, উহা উল্লিখিত ।-কারের দক্ষিণপার্শ্বে এইরূপ হইবে যথা, ।২ ; মাত্রাঙ্ক ও লয়াঙ্ক এক সঙ্গে লিখিত হইলে এইরূপ হইবে যথা, ৪।২।

এই যে ৪।২ সঙ্কেতটি, ইহা কাওয়ালি ছন্দের সাঙ্কেতিক চিহ্ন।

ঠুংরির সহিত কাওয়ালির প্রভেদ এই যে, ঠুংরির প্রতি তালি-বিভাগের মধ্যে নিয়মিত অন্তরে গুরু মাত্রা আসায় কাওয়ালী অপেক্ষা ঝোঁকের আধিক্য হইয়া থাকে ; তাই এই ৪। তালাঙ্কের ।-কারের উপর একটি রেফ্ চিহ্ন দিয়া তাহা সূচিত হইলে, তালাঙ্ক চিহ্নটি এইরূপ দাঁড়ায় যথা ৪।´২ ইহাই ঠুংরি ছন্দের সাংকেতিক প্রতিরূপ।

আবার, আড়াঠেকার সহিত কাওয়ালির প্রভেদ এই যে কাওয়ালির ন্যায় আড়াঠেকার তালি-বিভাগ চতুর্মাত্রায় বিভক্ত হইলেও আড়া-ঠেকাতে গানের কথাগুলি টানিয়া টানিয়া গাহিতে হয়—সুতরাং, স্বাভাবিক প্রস্বনের (ঝোঁকের) স্থান অতিক্রম করিয়া অপ্রস্বনিত ধ্বনির উপর তালি দিতে হয়। এই টান্‌প্রকাশক আড়ের চিহ্ন-স্বরূপ একটি কসি তালাঙ্কের ।-কারের উপর বসাইলে আড়াঠেকা ছন্দের প্রতিরূপ প্রকাশ করা হয়। যথা ৪।২। তাল বিশেষের পূর্ণরূপ প্রকাশ করিতে হইলে উপরে যাহা বলা হইল তাহা ছাড়া আরও কিছু প্রয়োজন।

প্রত্যেক বিশেষ তালে, তালি বিভাগের বন্দবস্ত কি রূপ, তাহাও প্রদর্শন করা আবশ্যক। এই নিমিত্ত, উল্লিখিত ৪।২ এই সঙ্কেতের নিম্নে।০।১।২´।৩। এইরূপ ভাবে তালি-বিভাগের অঙ্কগুলি যথা ক্রমে দেওয়া হইবে। অতএব কাওয়ালী তালের, সম্পূর্ণ সঙ্কেত এইরূপ যথা—

৪।২

।০।১।২´।৩।

কোন গান ফাঁক্ হইতে এবং কোন গান সম কিম্বা অন্য কোন তালি হইতে আরম্ভ হয়। তদনুসারে যথাক্রমে পর-পর তালির অঙ্কপাত করা আবশ্যক।

স্বরলিপির শিরোদেশে তালাঙ্ক-সঙ্কেতে তালির অঙ্ক যেরূপ অনুক্রমে থাকিবে, স্বরলিপির মধ্যেও সেইরূপ ক্রম অনুসৃত হইবে। স্বতন্ত্ররূপে, স্বরলিপির সুরের উপর তাল ফাঁকের চিহ্ন না দিলেও চলে।

বিরাম।

৮। সুরের ক্ষণিক নিস্তব্ধতার নাম বিরাম। ইহাতে সুরের বিরাম হয়, কিন্তু কালের বিরাম হয় না। যেমন সুরের মাত্রা আছে, সেইরূপ বিরামেরও মাত্রা আছে। সুরের যে মাত্রা-চিহ্ন, বিরামেরও সেই একই মাত্রা চিহ্ন। কেবল ঐ সকল চিহ্ন হাইফেন বিবর্জ্জিত হইয়া পৃথক্ ভাবে স্থাপিত হয়। যেখানে হাইফেন্-বিবর্জ্জিত স্বর-বিযুক্ত আকার দেখিবে, সেইখানে একমাত্রা কাল চুপ্ করিয়া থাকিতে হইবে। যথা,

"সা । । ।"

এইস্থলে 'স' একমাত্রা কাল উচ্চারণ করিয়া, আর তিন মাত্রা কাল নীরব থাকিবে। নীরব না থাকিয়া, সুর উচ্চারণ করিলে এইরূপ হয় যথা,

সা -া -া -া

অবসান।

৯। আমাদের সঙ্গীতে গানের শেষ কথায় গান-গাওয়া শেষ হয় না। গোড়ায় আবার ফিরিয়া আসিয়া তবে এক স্থানে শেষ হয়। তজ্জন্য স্বতন্ত্র চিহ্ন থাকা সুবিধা। এইরূপ অবস্থান-স্থলে যুগল-ছেদ সুরের শিরোদেশে বসিবে। অন্তরাদি ধরিবার সময় এই জায়গায় ছাড়িয়া দিয়া অন্তরাদি ধরিতে হয় এবং সমস্ত গান শেষ হইলে এইখানে ফিরিয়া আসিয়াই গানের অবসান হয়। যথা সা ‖ গা

অন্তরা প্রভৃতি প্রত্যেক কলির আরম্ভ ও শেষে, পার্শ্বদেশে যুগল ছেদ বসে।

পুনরাবৃত্তি।

১০। পুনরাবৃত্তি সম্বন্ধে আমাদের সঙ্গীতে সাধারণ নিয়ম এই যে, আস্থায়ী, অন্তরা প্রভৃতি এক একটি কলি গাওয়া শেষ হইলে আস্থায়ীর আরম্ভ হইতে কিম্বা আস্থায়ীর কোন অংশ হইতে পুনরায় গাহিতে হয় এবং আস্থায়ীর এক স্থলে ছাড়িয়া দিয়া আবার অন্য কলি ধরিতে হয়। প্রতি কলি এইরূপ দুইবার তিনবার করিয়া আবৃত্তি করা যাইতে পারে। এইরূপ পুনরাবৃত্তি গায়কের অনেকটা স্বেচ্ছাধীন। এইরূপস্থলে, আস্থায়ীর যে অংশ হইতে পুনরাবৃত্তি হইবে তাহার অব্যবহিত পূর্ব্বে একটি যুগল-ছেদ বসে। কোন কোন স্থলে, আস্থায়ীর আরম্ভের দুই একটি সুর ছাড়িয়া তাহার পর হইতে পুনরাবৃত্তি হয়। যথা,

রা গা ‖ সা — রা সা ‖
ক ত ‖ কা — ল ‖

পৌনরুক্তি।

১১। পূর্ব্বোক্ত পুনরাবৃত্তির সাধারণ নিয়মটি ছাড়া, যে স্থলে বিশেষ করিয়া কোন স্থান হইতে পৌনরুক্তি করিতে হইবে, তাহার চিহ্ন এইরূপ { } গুম্ফ-বন্ধনী। যেখানে এই বিমুখী } গুম্ফটি দেখিবে, সেইখানে গান ছাড়িয়া দিয়া যেখানে এই প্রমুখী { গুম্ফটি দেখিবে, সেইখান হইতেই পৌনরুক্তি করিতে হইবে।

(ক) উল্লিখিত পৌনরুক্তির সময় কতকগুলি সুর ডিঙ্গাইয়া যাওয়া কখন কখন আবশ্যক হয়। সেইস্থলে যে সুরগুলিকে ডিঙ্গাইতে হইবে, তাহাদিগকে বক্র বন্ধনীর ( ) দ্বারা আবদ্ধ করা হয়; যথা,

{ সা রা গা (মা পা) } । ধা না।

এই দৃষ্টান্তে, 'সা' হইতে 'পা' পর্য্যন্ত গাহিয়া, পুনর্ব্বার 'সা' হইতে ধরিতে হইবে এবং "সা রা গা" যথাক্রমে গাহিয়া, তাহার পর, ("মা পা") ডিঙ্গাইয়া একেবারে "ধা না" প্রভৃতিতে যাইতে হইবে।

সুর-পরিবর্ত্তন।

১২। উপরোক্ত প্রকার পুনরাবৃত্তি ও পৌনরুক্তি কালে, কোন কোন স্থলে দুই একটি সুরের পরিবর্ত্তন হয়; যে সুরের পরিবর্ত্তন হইবে সেই সুরের ঠিক্ মাথার উপর এইরূপ [ ] ব্রাকেট-এর মধ্যে পরিবর্ত্তিত সুরগুলি বসান হইবে। পুনরাবৃত্তি কালেই পূর্ব্ব সুরগুলি ত্যাগ করিয়া সেই শিরস্থ সুরগুলি গাহিতে হইবে। যথা,

[সা] [না]
‖ রা পা মা গা ‖ কিম্বা { মা ধা পা গা }

এই দুই স্থলে পুনরাবৃত্তি ও পৌনরুক্তির সময়ে, দ্বিতীয়বারে "রা" না গাহিয়া "সা" গাহিতে হইবে এবং "ধা" না গাহিয়া "না" গাহিতে হইবে।

অলঙ্কার-প্রকরণ।

১৩। হার্মোনিয়মের 'টিপ্' সাধারণতঃ দুই প্রকার ; এক, "অবিচ্ছিন্ন বা 'লাগাড়' টিপ্" ; আর এক, বিচ্ছিন্ন বা "ছাড়া-ছাড়া" টিপ্"। অবিচ্ছিন্ন টিপে বাজাইবার সময়, আঙ্গুল-গুলা হার্মোনিয়মের পর্দ্দা হইতে একেবারে বিযুক্ত হয় না, প্রায় গায়ে গায়ে লাগিয়া থাকে, এবং একটা পর্দ্দা হইতে আর এক পর্দ্দায় বেমালুম সহজে সরিয়া যায়। 'বিচ্ছিন্ন' টিপ বাজাইবার সময়, প্রতি পর্দ্দায় যেন পৃথক্ পৃথক্ টোকা পড়ে।

স্বরলিপিতে, একমাত্রাকালস্থায়ী যে সকল সুরের নীচে গানের অক্ষর থাকে, তাহা বিচ্ছিন্ন টিপে বাজাইতে হয় ; যথা—

| সা রা গা মা |
| দি ন ক র |

এবং যে সকল সুরের নীচে গানের অক্ষর থাকে না, পরন্তু কোন একটি পূর্ব্ববর্ত্তী অক্ষর-সংলগ্ন স্বরবর্ণকে অবলম্বন করিয়া তাহারই টানে-টানে সুরগুলি চলিতে থাকে তখন তাহাদিগকে 'অবিচ্ছিন্ন' টিপে বাজাইতে হয়। যথা,

| সা -রা -গা -মা |
| দি — — — |

(ক) সুরের এই টান্‌কে 'আশ' বলে। এই আশের চিহ্নস্বরূপ, সুরগুলির মধ্যে এক একটি কসি চিহ্ন থাকে।

কখন কখন, আশ-চিহ্নিত সুরগুলির মধ্যে, একটি সুর বিচ্ছিন্ন ও একটি সুর অবিচ্ছিন্ন টিপের সামিল থাকে। এক মাত্রার সামিলে খণ্ডমাত্রিক সুরগুলি একত্র থাকিলে কখন কখন এইরূপ ঘটে। এইরূপ স্থলে, যে সুরটি আশের সামিল তাহার নীচে গানের কোন অক্ষর থাকে না, এবং যে সুরটি আশের সামিল নহে, তাহার নীচে গানের একটি অক্ষর থাকে ; যথা,

| সা -রা -গা -মপা |
| দি — — ন |

এই দৃষ্টান্তে, এক মাত্রার সামিল দুইটি অর্দ্ধমাত্রা 'মপা' ; ইহার মধ্যে 'ম'-এর নীচে কোন অক্ষর নাই, উহাই আশের সামিল ; এবং 'পা'-এর নীচে 'ন' এই অক্ষরটি আছে, সুতরাং উহা বিচ্ছিন্ন টিপে বাজাইতে হইবে। স্বরবর্ণের টান্ যে পর্য্যন্ত থাকিবে তাহাই আশের সামিল, ইহা বুঝিতে হইবে।

(খ) সমান সুরের মধ্যে যখন আশ-চিহ্ন থাকে, তখন সুরের দীর্ঘতামাত্র সূচিত হয়। যথা,

। সা—সা—সা—সা।

কিম্বা

। সা—া—া—া।

এইরূপ স্থলে, 'স'- এই সুরটি, চারমাত্রা কাল, এক টিপে বাজাইতে হইবে। ইহাকে এক কথায়, "স্থায়ী" টিপ্ বলে।

আশ-যুক্ত সমান সুর হইলেও, কখন কখন উহা একটানে উচ্চারিত না হইয়া পৃথক্ ঝোঁকে উচ্চারিত হয়। সেই স্থলে প্রতি মাত্রার উপর এক এক বিন্দু দেওয়া হয় ; যথা,

। সা—া̇—া̇—া̇।

(গ) আশ-যুক্ত বিভিন্ন সুর যদি ঝোঁক-বিশিষ্ট হয় তাহা হইলেও সুরের শিরোদেশে ঐরূপ বিন্দু প্রয়োগ করা যাইতে পারে। যথা,

। সা—রা̇—গা̇—মা̇।
। স — — —।

স্বরে এইরূপ ঝোঁক্ দেওয়াকে 'গমক্' বলে। গমকের স্থলে, প্রায়ই পূর্ব্ববর্ত্তী স্বরটি, আসল স্বরকে ঈষৎ ছুঁইয়া যায়। যথা,

। নিসা— সরা— রগা— গমা।

ক্ষুদ্র অক্ষরে লিখিত এই স্পর্শমাত্রিক স্বরগুলি দেখিলেই, গমকের স্থান সহজে অনুমিত হয়। এই স্থলে গমকের স্বতন্ত্র চিহ্ন না দিলেও চলে।

(ঘ) আশ যুক্ত কতকগুলি স্বর যখন একমাত্রার মধ্যে উচ্চারিত হয়, তখন সেই স্বরাক্ষরগুলি একত্র করিয়া, শেষ অক্ষরটির গায়ে একটি আকার দেওয়া হয়। এবং প্রথম স্বরটির নীচে গানের একটি অক্ষর থাকে যথা,

। সরগমা পধনসা।
। দি - - - ন - - - ।

এইরূপ স্থলে, সাধারণতঃ, 'অবিচ্ছিন্ন' টিপে বাজাইতে হয়। কিন্তু স্বরগুলি, পর-পর বেমালুম গড়াইয়া না গিয়া যদি ছাড়া-ছাড়া ভাবে উচ্চারিত হয়, তাহা হইলে, ঐ প্রত্যেক স্বরের মাথায় এক একটি বিন্দু দেওয়া হয়; যথা,

। সংরংগংমংপংধাং।

কোথায় 'গড়াণে' স্বর এবং কোথায় ঝোঁক-বিশিষ্ট বিচ্ছিন্ন স্বর, তাহা স্বর-বিন্যাসের ধরণেই অনেকটা বুঝা যায়। স্বরগুলি যদি ক্রমান্বয়ে পরপর আইসে, তাহা হইলে বুঝা যায়, 'গড়াণে' ভাবে বাজাইতে হইবে; যথা 'সরগমপধা'। কিন্তু যদি একটি কিম্বা দুইটি স্বর, ক্রমান্বয়ে বারম্বার উপস্থিত হয়, তাহা হইলেই বুঝা যায়, কম্পনই উহার উদ্দেশ্য; যথা, 'সসসসসা। এইরূপ স্থলে গমকের পৃথক্ চিহ্ন বিন্দু না দিলেও চলে।

(ছ) স্বরগুলির মধ্যে আশ চিহ্ন দেখিলেই বুঝিতে হইবে, একটা স্বর আর একটা স্বরের উপর বেমালুম গড়াইয়া পড়িতেছে, কখন কখন, আরও একটু বেশি মাত্রায় গড়াইয়া থাকে। তখন, আশ-যুক্ত স্বরগুলির মধ্যে স্বরের সূক্ষ্মাংশ যে শ্রুতিগুলি আছে, তাহার উপর দিয়াও গড়াইয়া যায়। ইহাকেই 'মীড়' বলে। এইরূপ স্থলে আশচিহ্নের নিম্নে তিনটি করিয়া বিন্দু প্রয়োগ করা হয়; যথা,

সা—রা—গা—মা।
... ...

হার্মোনিয়ম যন্ত্রে, এই মীড় সুচারুরূপে ও সম্পূর্ণরূপে প্রকাশ করা সুকঠিন; তবে, কতকটা মীড়ের অনুকরণ করা যাইতে পারে, এইমাত্র।

আশযুক্ত ও মীড় যুক্ত স্বরের মধ্যে, ক্রমশঃ ধ্বনির হ্রাস-বৃদ্ধি যথাযোগ্যরূপে প্রকটিত করিতে পারিলে, স্বরগত সৌন্দর্য্য ও রসের সমধিক স্ফূর্ত্তি হয়। 'আশ' ও 'মীড়'-এর স্থানই ভাব প্রকাশের মুখ্য স্থান। আমাদের ওস্তাদ-গায়কেরা এই ভাব প্রকাশের প্রতি বড় একটা লক্ষ্য করেন না, সুর তালের কর্দ্দানি ও কর্ত্তব দেখানই তাঁহাদের মুখ্য উদ্দেশ্য। তাঁহাদের গাহিবার পদ্ধতিকে কণ্ঠ-জিম্ন্যাষ্টিক বলিলেও অত্যুক্তি হয় না। গানের যে প্রধান উদ্দেশ্য, ছন্দোময় স্বরবিন্যাসের দ্বারা হৃদয়ের বিবিধ ভাব প্রকাশ করা, তাহা তাঁহাদের গানে কিছুই প্রকাশ পায় না। চিত্রে যেমন ছায়া ও আলোক, গানের রসভেদে সেইরূপ ধ্বনির হ্রাসবৃদ্ধি অতীব প্রয়োজনীয়।

স্বর-সহযোগে তালের বোল সাধন।

১৫। আমাদের সঙ্গীতে তালের প্রকরণটি বড়ই কঠিন। নব্য শিক্ষার্থীর পক্ষে যাহাতে স্বরলিপি দেখিয়া গান অভ্যাস এবং তালের সাধনা উভয়ই এক সঙ্গে সহজে হইতে পারে তজ্জন্য থাম্বাজ স্বরের সহজ গৎ, তাল-সমূহের বোলের

সহিত ঐক্য করিয়া দিয়ে দেওয়া গেল। ঠেকার বোল অপেক্ষা কথার বোল একটু অদ্ভুত বলিয়া সহজে মনে থাকিবার কথা। তাই এই প্রণালী অবলম্বন করা হইয়াছে। প্রত্যেক তালের মাত্রা ও পদ-বিভাগ প্রভৃতি ইহার দ্বারা সহজে বোধগম্য হইবে। তালাঙ্ক চিহ্নে আকারের দক্ষিণপার্শ্বে তালাঙ্ক দেখিয়া লয়টি ঠিক্ করিয়া তবে গাহনা কিম্বা বাজনায় প্রবৃত্ত হইবে। তালের এক ফের হইয়া গেলে, দাঁড়ির বদলে 'আই'-অক্ষর ব্যবহার করা যাইবে। দেখিতে উহা প্রায় দাঁড়ির মত অথচ একটু তফাৎ।

(১) কাওয়ালী তাল।

খাম্বাজ—কাওয়ালি।

৪।২

।২´।৩।০।১।

২´ ৩ ০ ১
॥ র্সা র্সা র্সা র্রা। র্সা ণা ধা পা। মা মা মা পা। মা গা রা সা I
॥ রাত্ দিন্ দিন্ রাত্। থা কেন্ চিৎ পাৎ। আ ফিম্ মৌ তাৎ। আ ফিম্ মৌ তাৎ I
ধা ধিন্ ধিন্ ধা ধা ধিন্ ধিন্ ধা ধা তিন্ তিন্ তা না ধিন্ ধিন্ ধা

২´ ৩ ০ ১
I সা মা গা মা। পা ধা না র্সা। র্রা র্রা র্সা র্সা। ণা ধা পা ধা ॥
I রাত্ দিন্ দিন্ রাত্। থা কেন্ চিৎ পাৎ। আ ফিম্ মৌ তাৎ। আ ফিম্ মৌ তাৎ ॥
ধা ধিন্ ধিন্ ধা ধা ধিন্ ধিন্ ধা ধা তিন্ তিন্ তা না ধিন্ ধিন্ ধা

২) ঠুংরী তাল।

খাম্বাজ—ঠুংরি।

৪।৪

।১´। ।

১´ ২
॥ র্সা র্রা সণা ধপা। মা পা মগা রসা I
॥ সে যায় চলে যাক্। না যায় পড়ে থাক্ I
ধা ধা কেটে তাক্। নে ধা কেটে তাক্

১´ ২
। সা মা পধা নর্সা। র্রা র্সা ণধা পধা ॥
। সে যায় চলে যাক্। না যায় পড়ে থাক্ ॥
ধা ধা কেটে তাক্ নে ধা কেটে তাক্

(৩) টিমা-তেতালা।

খাম্বাজ—টিমা তেতালা।

৩।২

।২´।৩।০।১।

২´ ৩ ০ ১

॥ র্সা র্সা র্সা র্রা। র্সা সর্রা র্সর্রর্সর্ণা ধা। মা পা পা ধা। মা মপা ধপমগা মা I

॥ আ স্তে আ স্তে। ঠা করে' চট্‌পট্‌ নয়। এক দুই তিন্ চার। ঠা ক'রে চট্‌পট্‌ নয় I

ধা ধিন্ ধিন্ ধা ধিন্ ধাগে তেরেকেটে ধিন্ তা তিন্ তিন্ তা ধিন্ ধাগে তেরেকেটে ধিন্

২´ ৩ ০ ১

সা মা গা মা। পা ধণা র্সর্রর্সর্ণা র্সা। র্রা র্রা র্সা র্সা। ণা ধপা ধপমগা মা ॥

আ স্তে আ স্তে। ঠা ক'রে 'চট্‌পট্‌ নয়। এক দুই তিন চার। ঠা ক'রে চট্‌পট্‌ নয় ॥

ধা ধিন্ ধিন্ ধা ধিন্ ধাগে তেরেকেটে ধিন্ তা তিন্ তিন্ তা ধিন্ ধাগে তেরেকেটে ধিন্

(৪) ছেপ্‌কা তাল।

৪।১

।১´।২।

১´ ২ ১´ ২

॥ র্সা র্রা র্সা ণা। ধা পা মা গা I সা মা গা মা। পা ধা না র্সা ॥

॥ এ লো না কো। এ লো না কো I সে তো ক ই। এ লো না কো ॥

ধে নে না তে নে তে না ক ধে নে না তে নে তে না ক

(৫) কাহারবা তাল।

৪।১

।১´।২।

১´ ২ ১´ ২

॥ র্সা র্রা র্সা ণা। ধা পা মা -া I সা মা গা মা। পা ধা র্সা -া ॥

॥ এ স দে খি। এ ক বা র্ I এ স দে খি। এ ক বা র্ ॥

ধি গি কে টে না ক ধি ন্ ধি ধি কে টে না ক ধি ন্

(৬) আড়া-ঠেকা তাল।

৩।২

।০।১।২´।৩।

০ ১ ২´ ৩ ০

॥ র্সা র্সা। -া র্রা র্সা -ণা। মা -া মা পা। -া ধা মা -া। গা -া ॥

এ ছ। — ন্দ, আ —। ড়া — নি তা। — স্ত, বেয়া —। ড়া — / ॥

তা ধিন্ — ধিন্ তা — ধিন্ — তা ধিন্ — ধিন্ তা — তিন্ —

(৭) মধ্যমান তাল।

৮।২

।১।২´।৩̲।০।

১ ২´

॥ র্সা র্সা -া র্রা ণা -া। ধা -া মা পা -া ধা মা -া।

। অ ধী ন্ ও দী —ন্। যে — অ ধী — ন্ ও দী — ন্।

ধা ধিন্ ধা ধিন্ ধা, ধিন্ ধা ধিন্

৩ ০ ১

। গা -া সা মা -গা মা ধা -না। র্সা -া র্রা রা -া র্সা ণা -া। ধা -া ॥

। যে — অ ধী ন্, ও দী ন্। যে — উ পা য়্ বি হী ন্ সে — ॥

ধা, ধা ধিন্ ধা ধিন্ তা, না ধিন্ ধা ধিন্ ধা

(৮) খেমটা তাল।

৩।২

।২´।৩।০।১।

২ ৩ ০ ১

॥ সা র্সা র্রা। র্সা ণা ধা। মা পা ধা। পা মা গা ॥

॥ অ ম নি অ ম নি গে ল রে র জ নী ॥

ধা টে দে না তে নে তা টে ধে না ধে নে

(৯) ভরতঙ্গা তাল।

৩/১
।১´।২।

১ ২ ১´ ২
॥ র্সা -া র্রা। র্সা ণা ধা I মা -া পা। মা গা গা ॥
॥ ধি ক্ সে। জ নে রে I ধি ক্ সে। জ নে রে ॥
ধিক্ না ধা তি তা ধিক্ না ধা তি তা

(১০) দাদ্‌রা তাল।

৩/১
।১´।২।

১´ ২ ১´ ২
॥ র্সা র্সা র্রা। র্সা ণা ধা I মা পা ধা। পা মা গা :
॥ সে যায় যাক্। সে যায় যাক্ I না যায় থাক্। হে থায় থাক্ ॥
ধা ধিন্ তাক্ ধা তিন্ তাক্ ধা ধিন্ তাক্ ধা তিন্ তাক্

(১১) আড়খেমটা তাল।

৩/২
।০।১।২´।৩।

০ ১ ২´ ৩
॥ র্সা র্সর্সা র্রা। র্সা ণা ধা। মা পধা পা। মা মা গা ॥
॥ তা বলি নি। তা তো নয়। তা বলি নি। তা তো নয় ॥
তা তেটে ধিন্ তা তা ধিন্ তা তেটে ধিন্ তা তা তিন্

(১২) একতালা তাল।

৩/২
।২´।৩।০।১।

২ ৩ ০ ১
॥ র্সা র্সর্রা র্সা। র্সা ণা ধা। মা পা ণধা। পমগা গা মা ॥
॥ খুব্ তার নাম্। বেশ্ ধুম্ ধাম্। কয় দিন্ পরে। সকলি সুম্ সাম্ ॥
ধিন্ ধিঁন্ ধা ধা থুন্ না কত্তে ধাগে তেটেকেটে ধিন্ ধা

(১৩) চৌতাল।

৩।৫

।৪´।০।১।০।২।৩।

৪ ০ ১ ০ ২ ৩

॥ না র্সর্রা। র্সণা ধা। মমা পধা। পমা গা। সমা গমা। পধা র্নসা॥

॥ বাঃ বাঃ। বেশ্ বেশ্। এত ক্ষণে। হল শেষ। এস তবে। চল যাই॥

ধা ধা ধিন তা তেটে কেতে কদে তা তেটে কেতে গদি ঘেনে

(১৪) ঝাঁপতাল।

।২´।৩।০।১।

২´ ৩ ০ ১

॥ র্সা র্রা। র্সা ণা ধা। মা পা। পা মা গা॥

॥ তা কে। হ রি তে। না কে দ ড়ি দে॥

ধা গে ধা গে তিন্ না কে ধা গে ধিন্

(১৫) সুর ফাঁকতাল।

।১´।০।২।৩।০।

১ ০ ২ ৩ ০

॥ র্সা র্সর্রা র্সণা ধা। মপা ধা। মপা ধপা মমা গা॥

তো সবে ধিক্ ধিক্। শত ধিক্। খাই বিরে কত কিক্॥

ধা ঘেনে নাগ দিগ ঘেনে নাগ গ দ্দী ঘেনে নাগ

(১৬) যৎ তাল।

।২´।৩।০।১।

২´ ৩ ০ ১

॥ র্সা র্রা -া। র্সা ণা ধা -া। মা পা -া। পা মা গা -া॥

॥ বে ক্ষী ন্। ব ল হী ন্। সে দী ন্। অ তি দী ন্॥

ধা ধিন্ ধা গে তিন্ না তিন্ ধা গে ধিন্

(১৭) পোস্তা তাল।

৩-৪|২

।১´।২।

১´ ২

॥ র্সা -া র্রা। র্সা -া ণা ধা।

॥ থা কৃ থাক্। ও — দা দা ॥

তাক্ তক্ ধী ধা ধা

(১৮) ধামার তাল।

৫-৫-৪|৩

।১´।২।৩।

১´ ০ ২ ০ ৩ ০

॥ র্সা র্সা র্রা র্সা ণা। ধা -া মা পা -া। ধা -পা মা -গা।

॥ ক ত, ব ল তো। আ র, ব হি —। এ ই ভা র ॥

ক ধে টে ধে টে ধা গ দ্দী ধিন্ তা

(১৯) তেওট তাল।

৭-৭|২

।১।২।৩।০।

॥ র্সা র্রা র্সা ণধা। মা পা মগা। সা মা পধা ণর্সা। র্রা র্সণা ধপা ॥

॥ দিন্ ক্ষণ্ দে খিয়ে। যা ত্রা কর। দিন্ ক্ষণ্ দে খিয়ে। যা ত্রা কর ॥

ধিন্ ধিন্ ধা তেটে ধিন্ ধা তেটে ধিন্ ধিন্ ধা তেটে তিন্ তা তেটে

(২০) রূপক তাল।

২-২-৩|৩

।১´।২।৩।

১´ ২ ৩

॥ র্সর্রা র্সণা। ধপা মগা। সা গা মা।

॥ খাজা গজা। পাঁপড় ভাজা। তিন্ তিন্ থাক্ ॥

ধুম কেটে গদি ঘেনে তা থুন্ না

(২১) আড়া চৌতাল।

[illegible]

।১́।২।৩।৪।

১ ২ ৩ ৪

র্সা -া। র্সা র্রা র্সা ণা। ধা ণধা ধপা মগা। সমা গমা পধা ণর্সা ॥
থাক্ —। থাক্ থাক্ আর না। পেট্ ভরে গেছে মাগো। আর আমি পারি নাকো ॥
থাক্ ধা ধা ধিন্ তা কৎ তেকে তেরে কেটে তাকে কেটে গদ্দি ঘেনে

(২২) তেওরা তাল।

[illegible]

।১।২।৩́।১।২।০।

১ ২ ৩́ ১

॥ র্সর্রা র্সণা। ধপা মগা। সা মগা পমা। গর্মা গর্রা।
॥ হল নাকো। হল নাকো। তা হল নাকো। হল নাকো।
ঘেনে নাগ ঘেনে নাগ ধা ঘেনে নাগ ঘেনে নাগ

২ ০

র্সর্রা র্সণা। ধা পমা গমা ॥
হল নাকো। সে হল নাকো।
ঘেনে নাগ তা ঘেনে নাগ

(২৩) পঞ্চম সওয়ারী তাল।

[illegible]

।১।২।৩́।০।৪।০।৫।০।

১ ২ ৩́ ০

॥ র্সা র্রা -া। র্সা ণা -া। মা -া পা ধা। ণা ধা পা মা ॥
॥ দিন্ রাত —। দিন্ রাত্ —। ও ই চিন্ তা। মি ছে চি ন্তা।
ধিন্ ধাগ ধিন্ ধাগ তা ধিন্ ধা ধিন্ ধা ধিন্ ধা

৪				০				৫			
সা	গমা	পা	ধা।	ণর্সা	র্রর্সা	ণা	ধা।	ণা	ধা	পা	মা।
কে	বলি	চিন্	তা।	শুধু	শুধু	চিন্	তা।	জী	বন্	যৌ	বন্।
তা	কেটে	তিন্	তা।	তেরে	কেটে	তিন্	তা	তিন	তিন	না	ধিন

০			
গা	মা	পমা	গমা ॥
কয়	দিন্	রবে	হেন ॥
নে	ধা	তেরে	কেটে

চিহ্নের নখ-দর্পণ।

১। স, র, গ, ম, প, ধ, ন=সপ্তক।

২। খাদ সপ্তকের চিহ্ন, স্বরের নীচে হসন্ত এবং উচ্চ সপ্তকের চিহ্ন, স্বরের মাথায় রেফ্।

৩। কোমল র=ঋ; কোমল গ=জ্ঞ; কড়ি ম=হ্ম; কোমল ধ=দ; কোমল ন=ণ;

৪। তালি-বিভাগের চিহ্ন, পার্শ্বে এক একটী দাঁড়ি।

৫। ১, ২´, ৩, ০ ইত্যাদি তালি ও ফাঁকের অঙ্ক; যে অঙ্কের মাথায় রেফ্ তাহাই সম্।

৬। তালের এক ফের হইয়া গেলে, দাঁড়ির স্থলে, 'আই' এই ইংরাজি অক্ষরটি বসে; কেবল, আরম্ভ ও শেষে বসে না। আরম্ভ ও শেষে দুই দাঁড়ি বসে।

৭। একমাত্রা=।

অর্দ্ধমাত্রা=ঃ।

দুইটি অর্দ্ধমাত্রা, যথা 'সরা'; চারিটি সিকিমাত্রা, যথা 'সরগমা'। দুইটি সিকিমাত্রা, যথা 'সরঃ'।

দুইটি অর্দ্ধমাত্রা ও দুইটি সিকিমাত্রা মিলিয়া এক মাত্রা, যথা 'সঃ গরঃ'।

একটি দেড়মাত্রা ও একটি অর্দ্ধমাত্রা মিলিয়া দুই মাত্রা, যথা 'রাঃ -গঃ'।

৮। কোন আসল স্বরের পূর্ব্বে যদি কোন নিমেষ-কাল স্থায়ী আনুষঙ্গিক স্বর একটু ছুঁইয়া যায় মাত্র, তাহা হইলে সেই স্বরটি ক্ষুদ্র অক্ষরে আসল স্বরের বাম পার্শ্বে লিখিত হয়। যথা,। সরা— গরা। গমকের স্থলে প্রায়ই এইরূপ স্পর্শমাত্রিক স্বর লাগিয়া থাকে। আসল স্বরের পরে, কখন কখন অন্য স্বরের ঈষৎ রেশ্ লাগে; তখন ঐ স্বর ক্ষুদ্র অক্ষরে দক্ষিণ পার্শ্বে লিখিত হয়, যথা 'রাস'।

৯। তাল-সঙ্কেত, যথা ৪।২ (৩ ও ৪ পৃষ্ঠায় ৬ ও ৭ প্যারা দেখ)

।০।১। ।২´।৩।

১০। বিরামের চিহ্ন ও মাত্রা-সমূহের চিহ্ন একই। হাইফেন্-বর্জ্জিত হইলেও স্বরাক্ষরের গায়ে সংলগ্ন না থাকিলেই সেই মাত্রা বিরামের মাত্রা বলিয়া জানিবে। স্বরের ক্ষণিক নিস্তব্ধতাকে বিরাম বলে।

১১। অবসানের চিহ্ন, শিরোদেশে যুগল দাঁড়ি। হয়, এইখানে একেবারে থামিবে; নয়, এইখানে থামিয়া গানের অন্য কলি ধরিবে।

১২। পুনরাবৃত্তি অর্থাৎ আস্থায়ীতে প্রত্যাবর্ত্তনের চিহ্ন-স্বরূপ দুইটী করিয়া যুগল দাঁড়ি বসে। কোন কলির শেষে

'॥ ॥' এইরূপ যুগল দাঁড়ি দেখিলেই, আস্থায়ীর যেখানে এইরূপ যুগল দাঁড়ি আছে সেইখান হইতে আবার আরম্ভ করিবে।

১৩। পৌনরুক্তির চিহ্ন, এই { } গুম্ফ-বন্ধনী; এবং পৌনরুক্তি-কালে কতকগুলি সুর বাদ দিয়া যাইবার চিহ্ন, এই ( ) বক্র বন্ধনী যথা "{ সা রা গা (মা পা) } ধা না"। (৮ পৃ—১১ প্যা দেখ।)

(ক) কখন কখন আস্থায়ীর শিরোদেশে এই { } গুম্ফ-বন্ধনী স্থাপিত হয়; যথা,

{ }॥
॥ সা রা। গা মা। পা ধা। না র্সা। অর্থাৎ, আস্থায়ীতে ফিরিয়া আসিয়া যখন থামিতে হইবে, তখন এই অংশটুকু দুইবার আবৃত্তি করিয়া থামিবে। ইহার পরেই অবসানের চিহ্ন যুগল দাঁড়ি।

১৪। পুনরাবৃত্তি ও পৌনরুক্তিকালে কোন সুরের পরিবর্ত্তন হইলে, শিরোদেশে ব্রাকেটের মধ্যে পরিবর্ত্তিত সুরগুলি

[রা গা মা]
স্থাপিত হয়; যথা, ॥ সা রা গা ॥

১৫। স্বরবর্ণ অবলম্বনে সুরের যে টান্ চলে, তাহাকে "আশ" বলে। আশের চিহ্ন, সুরাক্ষরগুলির মধ্যে ছোট ছোট কসি; যথা, । সা -রা -গা -মা।
। দি — — —।

১৬। সমান সুরের মধ্যে যখন আশ চিহ্ন থাকে তখন সুরের দীর্ঘতা সূচিত হয় মাত্র; যথা । সা -রা -সা। অথবা । সা -া -া।; অব্যবহিত পরবর্ত্তী সমান সুরটি যখন অন্য খণ্ডমাত্রিক সুরের সহিত যুক্ত থাকে, আশ চিহ্নের মাথার উপর একটি কসি দেওয়া হয়। যথা । সা—সরা। এই স্থলে দুই 'স' এক টিপে বাদিত হইবে।

(খ) কোন স্থলে, ঐ সমান সুরগুলি যদি একটানা দীর্ঘ না হইয়া, পৃথক ঝোঁকে উচ্চারিত হয়, তাহা হইলে তাহার উপর এক একটি বিন্দু বসে। যথা । সা -া -া -া।

(গ) বিভিন্ন সুরের মধ্যে আশ-চিহ্ন থাকিলে, সুরগুলি একটু গড়াইয়া গড়াইয়া যায়। যে স্থলে, আশ-চিহ্ন সত্ত্বেও সুরগুলি গড়াইবে না—পরন্তু প্রত্যেক সুর পৃথক্ ঝোঁকে উচ্চারিত হইবে, সেই স্থলে সুরগুলির উপর এক একটি বিন্দু বসিবে যথা, সরা গমা -পধা।

১৭। মীড়ের স্থলে, আশ চিহ্ন কসির নীচে তিনটি করিয়া ফুট্‌কি দেওয়া হয়। যথা। সা—রা—গা। যে স্থলে, দুই তিনটি সুর এক মাত্রার সামিলে যুক্তভাবে থাকে, সেই স্থলে মীড় থাকিলে সুরের নীচে ফুট্‌কি দেওয়া হয়। যথা, 'পমা' কিম্বা পমজ্ঞা।

গানের স্বরলিপি।

——:——

মিশ্র-বেলাওল—একতালা।

কথা :—শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর। স্থর :—গ্রন্থকার।

৩।২
।১´।২।০।৩।

|| || সা রগা- মপা | গা গা -া | গা গা -া | গা মা -গা] রা রা -গা |
স খী- - - হে, কি — দি য়ে — আ মি — তু ষি —

| রা -সা ন্‌া | সা -া -া | -া -া -া [সা রগমা -পা | মা গা -া |
ব — তো মা - য় — — — জ র - - — জ র —

| গা গা -া | গা গা -মগা [রা -া রা | পা -া মা | পা -া -া | -া -া -া]
হৃ দ য় আ মা —র্ ম —র্ম বে — দ না — য় — — —

] র্সা -া -া | না -া -র্সনা | ধা -া -নধা | পা -া -া] মা গা -মগা | রা রা -গা |
দি - - বা — — — নি - - - শি - - অ শ্রু - - - ঝ রি -

| রা -সা ন্‌া | সা -া -া [সা র্সা -া | র্সা র্সা -া | র্সা র্সা -া | র্সা র্সা -া [
ছে - সে থা - য় তো মা র্ - মু খে - সু খে র্ হা সি -

[র্সা র্রা -া | র্রা র্সা -া | "র্সা -া -া | না -া -া [পা র্সা -া | না র্সা -া |
আ মি - তা ল - বা - - সি - - অ ভা - গি নী র্

| ধা -না পা | পা মা -া | মা ধা -া | পা মা -া | গা -া-া | -রসা -া-া || ||
কা - ছে পা ছে - সে হা - সি, লু - কা - - - - - য় ||১

মিশ্র সিন্ধু—কাওয়ালী।

কথাঃ—শ্রীর— সুরঃ—গ্র—

৩।০
।০।১।২।৩।

|| || { সা ^সা রা রা | রজ্ঞা রমা জ্ঞরা সা | ধা ধণধা পধা পা |
সমুখে তে বহি ছে- তটি নী ত রি-- খা- নি

[সা]
রজ্ঞা রমা জ্ঞরা সণ্া } | না না র্সা র্সর্রা | র্সণা ধপা মজ্ঞা রসা |
চলে ছে- ছুটি য়া- বা যু ব হে- পরি মল লুটি য়া-

| রপা মপা মজ্ঞা রসা | রমা জ্ঞরা সরণ্া সা | না না র্সা র্সর্রা |
কা - ননে অলি কুল আ- সিল জুটি - য়া সাঁ ঝে র, অ-

| ণর্সা ণা ধপা মা | . পধা ণর্সা ণধা পা | রজ্ঞা রমা জ্ঞরা সণা ||
ধ— র, হ— তে য়া— ন— হা— সি পড়ি ছে- টুটি য়া-

|| || পা ধমা পা পধা | না -া র্সা র্সা | নর্সা না র্সর্জ্ঞা র্জ্ঞা |
দি ব- স, বি- দা য়, চা হে য- মু না-- বি

| র্রা র্সা ণা ধপা | পনা না র্সা র্সর্রা | র্সা ণা ধা পমা |
লা প, গা হে— সা— য়া হ্নে রি— রা ঙ্গা প্রা য়ে-

পধা ণর্সা ণধা পা | রজ্ঞা রমা জ্ঞরা সণ্া || || পা মপমা গমগা রা |
কেঁ- দে- কেঁ দে পড়ি ছে- লুটি - য়া- এ সো-- স-- খি

| গা পা ধা না | ধা না র্সা র্রা | র্সা নর্সনা ধনা পা I
| এ সো, হে থা | তু জ নে কই | ম নে—র্ ক- থা I

I { না না র্সা সনা | ধনা পা পা পা | মপমা গা মা পা |
I { ক ত দি নের্ | ক- ত ব্য থা | ম - - র মে, র |

| মপমা মা গা গা } I গা -গধা ধা ধণা | ধর্সা ণধা পধা পা |
| য়ে - - ছে, গাঁ থা } I এ —ই কো লে- | রা - খো- মা- থা |

| মা -া পা -া | রজ্ঞা রমা জ্ঞরা সণা || ||
| চাঁ দ্ মু খ্ | উ- ঠুক্ ফুটি য়া- ||২ ||

বাহার—একতালা।

৩ঃ
২ । ৩ । ০ । ১ ।

কথাঃ—শ্রীর—

সুরঃ—গ্র—

|| || ধা ণা ধা | পা ধা পা | মা ধা পা | মজ্ঞা -া মা I ধা -া ধা |
|| || খু লে দে | ত র ণী | খু লে দে | তো— — রা I স্রো — ত |

| ধা -ণধা পা | ধা -া -ণর্সর্রা | র্সা -া -া I র্সা -া না |
| ব — — য়ে | যা — - - য়্ | যে — — I ম — ন্দ |

| র্রা -া র্সা | ণা -া পা | মা -া পা I জ্ঞা -া জ্ঞা |
| ম — ন্দ | অ — ঙ্গ | ভ — ঙ্গে I না — চি |

| জ্ঞা -া মা | রা -া রা | সা -া সা I না -া না |
| ছে — ত | র — ঙ্গ | র — ঙ্গে I এই — বে |

| র্সা -া -া | ^ধপা -া পা | র্সা -া -া || || ^গমা -া মা | ^পধা -া ণা |
| না — — | খু — লে | দে — — || || ভা — ঙ্গি | স্ব — কে |

| র্সা -া না | র্সা -া -া | নর্সা -া না | র্সা -া র্রা |
| লে — ছি | হা — ল | বা — তা | সে — পু |

| ^নর্সা -া ণর্সণা | ধা -া -া | ণা -া ধা | পা -া পা | ধা -া পা |
| রে — ছে - - | পা — ল্ | স্রো — ত | মু — খে | প্রা — ণ |

| মা -া মা | ^জমা -া -া | রা -া রা | সা -া -া | া া া |
| ম — ন | যা — ক্ | ভে — সে | যা — ক্ | |

| সা -া সা | ^সগা -া মা | ^নধা -া না | র্সনা -া র্সা | র্মা -র্গর্মা -া |
| যে — বা | বি — আ | মা — র | সা— — থে | এ — — ই |

| র্রা -া র্সা | ণা -র্সর্রর্সা -া | ণধা -া -া || ||
| বে — লা | আ - - - য় | রে— — — ||৩ ||

সিন্ধু কাফি—কাওয়ালী।

কথাঃ—শ্রীর—

সুরঃ—প্র—

৩০

। ১ । ২ । ৩ । ০ ।

|| || ধা -ধণর্সা ণধা পা | মা মগা মপা মা | মজ্ঞা রা জ্ঞা পা | মা জ্ঞমজ্ঞা জ্ঞমা রা |
|| || হাঁ- — — স— খি | ও, আ- ন- রে | আ- রো বা ড়ে | ম নো- - ব্য— থা |

| সা রা মা পা | ধা ধণর্সা ণধা পা | পধা ণর্সা র্সা র্সা | ণধা পমা জ্ঞরসা রা || ||
| ভা ল য দি | না হি- - বা- সে | কেন তবে ক হে | প্রণ য়ের ক- - থা || ||

|| || মা ণধা ধা ণা | র্সা না র্সা র্সা | ণর্সা না র্সা র্সা | র্সর্রা র্সণা ধা পা I
মি ছে, প্র ণ | য়ে র, হা সি | বো লো, তা রে | ভাল নাহি বা সি

I ণর্সাঃ ণঃ ধা পা | ধাঃ পঃ মগা মা | ণধাঃ ণঃ র্সা র্রা | ণনা -া র্সা -া I
চাই নে মি ছে | আ দর, তা- হার্ | ভা ল বা সা | চা ই নে —

I মা ধা ধা ধা | ধর্সা ণধা পধা পা | পধা ণর্সা র্সা র্সা | ণধা পমা জ্ঞরসা রা || ৪ ||
বো লো বো লো | স্বজ নিলো তা- রে | আর যেন সে লো | আসে নাকো হে - - থা

✓বাহার—কাওয়ালি।

কথাঃ—শ্রীর—

সুরঃ—গ্রন্থকার।

৪।০
। ১ । ২ । ৩ । ০ ।

|| || ধা -ণধা পা -া | ধা ধণা পা -া | মা গমা রা সা | সা সা মা -া I
সে -ই তো — | ব স- ন্ত — | ফি রে,- এ ল | হৃ দ য়ে র্

I মা পা মগা মা | ধণা -া -া -া | -ধা -া -া -ধণধা | পা -র্সণা র্সা -ণধা || ||
ব স ন্ত,- কো | থা- — — — | — — — - য় | হা —য় রে — —

|| || ধা ণা ণা র্সা I র্সা -া -া -া | -া -া -া -া | র্ণা র্সা র্রা র্রা | র্সা র্রা র্সা র্সা I
স ব, ম রু | ম — — — | — — — য় | ম ল য়, অ | নি ল এ সে

I পা পণা পা পা | মা পা মা রা | সা -া -া -া | সা -র্সণা র্সা -ণধা || ||
কেঁ দে, শে ষে | ফি রে, চ লে | যা — — য় | হা য় রে — —

‖‖ ধা ণা ণা সা] সা -া সা সা | ণা রা সা -া | ণা -া ণা -া | ধা -ণধা পা -া]
ক ত, শ ত | ফু ল, ছি ল | হৃ দ — য়ে | ঝ — রে — | গে — — ল —

[মা মা পা পা | মা জ্ঞমজ্ঞা রা -া | জ্ঞা মা পা পা | জ্ঞা জ্ঞা জ্ঞা জ্ঞমা]
আ শা, ল তা | শু কা — ল — | পা খী গু লি | দি কে দি কে-

[রা রা সা -া | সা মা মা মা | মা -পা মপমা গা | মা ধা ধা ধণধা]
চ লে যা য় | শু কা নো, পা | তা য় ঢা — কা | ব স ন্তে র — —

[পা সণা সা -া | ধা -ণা সা রা | রজ্ঞা -া রা -সা | পা -সণা সা -ণধা ‖ ‖
মৃ ত কা য় | প্রা ণ্ ক রে | হা- য় হা য় | হা -য় রে — — ‖ ‖

‖ ‖ ধা ধা ধা ণধা [পা ধণসরা সা -া | সাঃ ণঃ সা সা | রা -া সা -া |
ফু রা ই ল | স ক — — — লি — | প্র ভা তে র | মৃ — দু —

| ধা -ণা পা -া [মা -পা সা -া | ধা -ণা পা -া | -গা পা মা -া | মা গা পা মা]
